স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম

হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় অ মরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলায় প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৬ই শ্রাবণ বুধবার ১৩৬৯ ইংরাজী 1st Aug. 1962 { ১২শ সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি** লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seave()

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্যে ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**

কেরোসিন কুকার

রান্নায় স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৬ই শ্রাবণ বুধবার সন ১৩৬৯ সাল।

## নেতাজী সুভাচন্দ্রের মানহানি মামলায় বিচারপতির রায়

—০—

বোম্বাইয়ের ইংরাজী সাপ্তাহিক 'উইমেনস ওল উইকলি' পত্রিকার ১৩ই জানুয়ারী সংখ্যায় বেঙ্গলী নামক একটী প্রবন্ধ প্রকাশ সম্পর্কে দণ্ডবিধির ৫০০ ধারা অনুসারে (মানহানি) অভিযুক্ত মিসেস প্যাট শার্পেকে কলিকাতার প্রধান প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট শ্রী এস, পি, ঘোষ দুই মাস বিনাশ্রম কারাদণ্ড ও এক হাজার টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও দুই মাস বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত করেন।

আসামী তাঁহার রচিত প্রবন্ধে নেতাজী সুভাষ-চন্দ্র বসুকে 'দেশদ্রোহী ও জাপানী গুপ্তচর' বলিয়া চিত্রিত করে। নেতাজীর ভ্রাতুষ্পুত্র শ্রীদ্বিজেন্দ্রনাথ বসুর অভিযোগক্রমে আসামীকে অভিযুক্ত করা হয়। ১৩ই আগষ্টের মধ্যে হাইকোর্টে আবেদনের সুযোগদানের জন্য আসামীকে ৩০০০ টাকা অন্তবর্ত্তীকালীন নগদ জামিনে মুক্তি দেওয়া হয়। বিচারপতি তাঁহার রায়দান প্রসঙ্গে মন্তব্য করেন যে, আসামীর স্বামী ভুলক্রমে অন্য ফাইল হইতে প্রবন্ধটি পত্রিকায় প্রেরণ করিয়াছিলেন বলিয়া আসামী পক্ষে যে কথা বলা হইয়াছে, তাহা ঠিক নহে। কারণ মিসেস শার্পের স্বামী প্রবন্ধটির সহিত যে চিঠি দিয়াছিলেন তাহাতে উক্ত নামের প্রবন্ধ প্রেরণের জন্য শার্পের নির্দ্দেশের উল্লেখ ছিল এবং আদালতে এই মামলা উত্থাপিত না হওয়া পর্য্যন্ত এইরূপ ফাইলের ভুলের কথা হয় নাই। তদ্ব্যতীত শার্পে পরে ডি সুজাকে যে পত্র লিখিয়াছিলেন তাহাতেও এইরূপ ভুলের কোন উল্লেখ নাই। বরং তাহা হইতে তাহার বিপরীত সত্যই প্রমাণিত হয়। অতঃপর বিচারপতি শ্রীদ্বিজেন বসু কর্ত্তৃক এই মামলা উত্থাপনের অধিকার সম্পর্কে আইনগত প্রশ্নটি আলোচনা করিয়া দেখান যে সেগুলি সুভাষ-চন্দ্র বসু জীবিত বা মৃত সর্ব্বাবস্থাতেই অভিযোগ-কারীর এই অধিকার রহিয়াছে।

---

## শিক্ষায় আগ্রহ

লেখাপড়া শিখিবার ঝোঁক্ থাকিলে, সংসার ধর্ম্ম করিতে করিতেও যে পাস করা যায়, বহু মহিলা তাহার পরিচয় দিয়াছেন। শ্রীমতী প্রমীলা বন্দ্যোপাধ্যায় ইঁহাদেরই অন্যতমা। স্বামী সদাগরী অফিসে হিসাব রক্ষক, নিজে সাতটি সন্তানের জননী। ৩৯ বছর বয়সে প্রাক্ বিশ্ববিদ্যালয় পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, ডিগ্রি কোর্সে ভর্ত্তি হইবার ইচ্ছা আছে। আসল কথা চাই বিদ্যাশিক্ষার আগ্রহ।

---

## আবর্জ্জনা অপসারণ

গত ৫ই শ্রাবণ শনিবার হইতে কলিকাতা মহানগরীকে পরিচ্ছন্ন করিবার বিশেষ অভিযান সুরু হইয়াছে। বহু ভদ্র সন্তান স্বেচ্ছাসেবকের কার্য্যে নামিয়া অভিযান সার্থক করিয়া তুলিতেছেন। এই পরিকল্পনা সফল হইলে বাঙ্গালীর গৌরব বাড়িবে সন্দেহ নাই।

---

## পদে পদে ব্যয় বৃদ্ধি

এক পয়সা আয় বাড়িল না, অথচ জীবনযাত্রার প্রতিটি ক্ষেত্রে প্রত্যহ ব্যয় বাড়িতেছে। সম্প্রতি মুটেরা মণ প্রতি /০ মজুরি বাড়াইয়াছে। জুতা বুরুশ /০ হইতে /১০ পয়সা হইয়াছে। বাঙ্গালীর ঘরে বেকার বাড়িতেছে, আর অবাঙ্গালীরা নানা-ভাবে লুটপুট করিয়া খাইতেছে। মুখে শ্রমের মর্য্যাদা বলিয়া প্রবন্ধ লিখিলেই তো আর বেকারি ঘুচিবে না।

---

## পাটের দাম

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী বলিয়াছেন, পাটের সর্ব্বনিম্ন দর মণ প্রতি ত্রিশ টাকা হইতে যাহাতে না কমে, সেদিকে লক্ষ্য করা উচিত।

---

## পলায়মান একটি হিন্দু পরিবারের প্রায় সমস্ত লোককে হত্যা

### রাজসাহীতে দুর্ব্বৃত্ত মুসলমান দলের পৈশাচিক তাণ্ডবলীলা

—০—

বহরমপুর, ২৫শে জুলাই শ্রীশশাঙ্কশেখর সান্যাল এম-এল-সি রাজসাহীর একটি ঘটনা সম্পর্কে নিম্নলিখিত বিবৃতি দিয়াছেন—

রাজসাহীর (পূর্ব্ব পাকিস্থান) গজেন্দ্রনাথ সরকার তাঁহার দুইটি শিশুপুত্র লইয়া মুর্শিদাবাদে আসিয়া আশ্রয় লইয়াছেন এবং বর্ত্তমানে আমার তত্ত্বাবধানে আছেন। গজেন্দ্রের বিধবা ভ্রাতৃবধূকে তাঁহার এক আত্মীয় আশ্রয় দিয়াছেন। অশ্রুরুদ্ধ কণ্ঠে দীর্ঘশ্বাস ফেলিতে ফেলিতে গজেন্দ্র বহু উকিল-মোক্তারের সম্মুখে নিম্নলিখিত কাহিনী বর্ণনা করেন—

১২ই বৈশাখ হইতে দর্শা ও অন্যান্য গ্রামে যখন নারকীয় তাণ্ডবলীলা চলিতেছিল. সেই সময় গজেন্দ্র তাহার বৃদ্ধ পিতামাতা, খুড়াখুড়ি, ভ্রাতা, ভ্রাতৃবধূ এবং নিজের সন্তানাদি লইয়া গ্রামে গ্রামে লুকাইয়া বেড়াইতেছিল। বিভিন্ন মুসলমানের গৃহে মুসলমান হইবার প্রতিশ্রুতি দিয়া তাহারা আশ্রয় গ্রহণ ক'রে কিন্তু গুণ্ডার ভয়ে তাহারাও শেষ পর্য্যন্ত গজেন্দ্রের পরিবারকে খেদাইয়া দেয়। মুসলমান জনতার তাড়া খাইয়া গজেন্দ্র দুই পুত্রকে জঙ্গলে ঠেলিয়া দেয়। গজেন্দ্রের পিছন পিছন তাহার পত্নী যখন শিশু ক্রোড়ে একটি বিল পার হইবার চেষ্টা করে, সেই সময় মুসলমান জনতা তাহার পত্নীকে আটক করে। গজেন্দ্রের পত্নী স্বামীর উদ্দেশে চিৎকার করিয়া কাঁদিয়া বলে, "তুমি আমাকে কাহার নিকট ফেলিয়া গেলে?" বিল পার হইবার পর পিছনে তাকাইয়া গজেন্দ্র দেখিতে পায় যে তাহার পত্নীকে পাঁজাকোলে করিয়া লইয়া যাওয়া হইতেছে এবং পরিবারের অন্যান্য সদস্যগণকে একের পর এক হত্যা করা হইতেছে। একমাত্র ভ্রাতৃবধূকে সে জীবিত দেখে এবং নিজের পত্নীকে আর দেখিতে পায় না। সে গোদাগাড়ির দিকে ছুটিয়া যায় এবং সেখানে মকরম মাঝি এম-এল-এর গৃহে আশ্রয়

লয়। কয়েকদিন বাদে পুলিসের লোক তাহাকে রাজসাহী লইয়া যায়। সেখানে সে হাসপাতাল হইতে একটি সন্তান ফিরিয়া পায় এবং এক ব্যক্তির গৃহ হইতে ভ্রাতৃবধূ ও অপর সন্তানকে ফিরিয়া পায়। কয়েকদিন বাদে তাহার পত্নীর মৃতদেহ উক্ত বিলের তীরে আবিষ্কৃত হয়।

---

## ঘুষের দায়ে রুশিয়ার সরকারী অফিসারের প্রাণদণ্ড

—০—

মস্কো, ২৫শে জুলাই তাস-এর অদ্যকার সংবাদে প্রকাশ, উৎকোচ গ্রহণের অভিযোগে সোভিয়েট অর্থ দপ্তরের প্রাক্তন অধিকর্ত্তা কে ভি দেগ-তিয়ারেভাকে প্রাণদণ্ডে দণ্ডিত করা হইয়াছে।

উৎকোচ গ্রহণ, মুদ্রার ফাটকাবাজী বা সরকারী সম্পত্তি আত্মসাতের অভিযোগে প্রাণদণ্ডের আইন গত বৎসর প্রবর্ত্তিত হয়। কিরঘিজিয়ার ৪ জন বয়ন শিল্পের কর্ম্মচারীকে সোভিয়েট সুপ্রীম কোর্ট কয়েকদিন পূর্ব্বে উক্ত আইনে প্রাণদণ্ডে দণ্ডিত করিয়াছেন। অদ্যকার ঘোষণায় বলা হইয়াছে যে, রুশ ফেডারেশনের সুপ্রীম কোর্ট প্রমাণ করিয়াছেন যে, দেগতিয়ারেভ তাহার সরকারী পদের সুযোগ লইয়া বিভিন্ন লোকের নিকট হইতে জোর করিয়া উৎকোচ গ্রহণ করেন। সুপ্রীম কোর্ট দেগ-তিয়ারেভের দায়িত্বশীল সরকারী পদের ও তাহার অপরাধের ভীষণ বিপদের কথা বিবেচনা করিয়াছেন।

### সোভিয়েট কিরঘিজিয়াতে ৯ জনের অধিক লোকের প্রাণদণ্ড

সোভিয়েৎ কিরঘিজিয়ার একটী সংবাদপত্রের যে খবর আজ এখানে পৌঁছিয়াছে তাহাতে প্রকাশ, প্রতারণা ও মুদ্রা সংক্রান্ত অপরাধে সোভিয়েট কিরঘিজিয়ার রাজধানী ফ্রুঞ্জেতে ৯ জনের অধিক লোককে প্রাণদণ্ডে দণ্ডিত করা হইয়াছে (গুলী করিয়া হত্যা করিবার)। অনুরূপ অপরাধের জন্য গত বৎসর প্রাণদণ্ড প্রবর্ত্তিত হওয়ার পর একটি মামলায় এত বেশী লোককে গুলী করিয়া হত্যা করিবার জন্য প্রাণদণ্ড দেওয়া হয় নাই।

---

## মার্কিণ গম সম্পর্কে কেন্দ্রীয় সরকারের হুঁশিয়ারী

নয়াদিল্লী, ২৭শে জুলাই মার্কিণ গম খাইয়া আসাম ও পশ্চিম বাংলায় যে বহুলোক পক্ষাঘাত রোগে আক্রান্ত হইয়াছে, তাহার কারণ হইতেছে উক্ত গমের সঙ্গে কীটনাশক মার্কিণ 'টি-সি-পি' রহিয়াছে। ভারত সরকার পূর্ব্বাঞ্চলের রাজ্য-গুলিকে আমেরিকা হইতে প্রেরিত এই গম সম্পর্কে হুঁসিয়ার করিয়া দিয়াছে। এই গম খাইয়া আসাম ও পশ্চিম বাংলায় ইতিমধ্যে বহু লোক পক্ষাঘাতে আক্রান্ত হইয়াছে।

---

## বি-এ ও বি-এসসি'র ফলাফল

আগষ্টের দ্বিতীয় সপ্তাহের মধ্যেই প্রকাশের সম্ভাবনা

কলিকাতা, ২৬শে জুলাই কলিকাতা বিশ্ব-বিদ্যালয় কর্ত্তৃক গৃহীত বর্ত্তমান বৎসরের বি-এ ও বি-এসসি পরীক্ষার ফলাফল আগষ্ট মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে যাহাতে প্রকাশ করা যায় তাহার জন্য বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ বিশেষভাবে চেষ্টা করিতেছেন।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৩ই আগষ্ট ১৯৬২

১৯৬২ সালের ডিক্রীজারী

৭ অন্য ডিঃ দফরপুর ইউনিয়ন কো-অপারেটিভ এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটী লিমিটেড দেং ঝাটু সেখ দিঃ দাবি ৮৫ টাকা ২১ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে দফরপুর ৭ শতকের কাত ১৵৮ পাই আঃ ৩৫৲ খং ২৫২ রায়ত স্থিতিবান স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ ১৪ শতকের কাত ৫৫ আঃ ৬০৲ খং ১০৪৭ ঐ স্বত্ব

৮ অন্য ডিঃ ঐ দেং আফসার সেখ দিং দাবি ৯০ টাকা ৪৭ নঃ পঃ মৌজাদি ঐ ১৬ শতকের কাত ২৷৵০ আঃ ২৫০৲ খং ৮৮৮ ঐ স্বত্ব

---

## বিজ্ঞপ্তি

বহরমপুর—খয়রামারি রুটে ডোমকল হইয়া একটি যাত্রীবাহী বাস চালাইবার জন্য একটি স্থায়ী রুট পারমিট প্রদানের উদ্দেশ্যে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হইতেছে। মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের অফিস হইতে ঐ ফরম পাওয়া যাইবে। উপরোক্ত রুট পারমিটের জন্য দরখাস্তসমূহ ১৯৬২ সালের ৭ই সেপ্টেম্বর বিকাল ৫টা পর্য্যন্ত নিম্নস্বাক্ষরকারী কর্ত্তৃক গৃহীত হইবে। স্বাঃ- এম, সি, দত্ত, মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের সচিব।

---

## জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## ড্রাপ্ট নোটীশ

এতদ্দ্বারা জানান যাইতেছে যে ফরক্কা থানার অন্তর্গত পরাণপাড়া মৌজার অধিস্থিত নালিশী বিলের প্রজাস্বত্ত্বের মালিক খোদাবন্দপুর অধিবাসীগণ পক্ষে বাদী আসিরুদ্দিন সেখ, জুবের আলী মুন্সি, শামশুদ্দিন সেখ, জয়নাল আবেদীন বিশ্বাস আরজির তপশীল বিলে স্বত্ব সাব্যস্থে চিরস্থায়ী নিষেধাজ্ঞা বাবদ ষ্টেট অফ ওয়েষ্ট বেঙ্গল পক্ষে মুর্শিদাবাদের কালেক্টার বাহাদুর বিরুদ্ধে জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালতের ১৯৬২ সনের ১৬৩নং অন্য মোকর্দ্দমা করিয়াছেন। উক্ত পরাণ-পাড়া মৌজার বিলের জন্য খোদাবন্দপুর গ্রাম নিবাসী মধ্যে অন্য কেহ ইচ্ছা করিলে উক্ত মোকর্দ্দমায় বাদী শ্রেণীভুক্ত হইয়া উক্ত মোকর্দ্দমা পরিচালনা করিতে পারেন।

By Order,
B. B. Ghosh
Sheristadar
2nd Munsif's Court
Jangipur.



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১·১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## আর. পি. ওয়াচ কোং

জঙ্গিপুর পৌরসভার দক্ষিণে
পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

বিঃ দ্রঃ—আমরা যে কোন কোম্পানীর নূতন ঘড়ি দুই সপ্তাহের মধ্যে ন্যায্য মূল্যে সরবরাহ করিয়া থাকি।